

আকুল কেশে আসে, চায় ল্লাননয়নে,  
কে গো চিরবিরহিণী -

নিশিভোরে আঁখি জড়িত ঘুমঘোরে,  
বিজন ভবনে কুসুমসুরভি মৃদু পবনে,  
সুখশয়নে, মম প্রভাতস্বপনে ॥

শিহরি চমকি জাগি তার লাগি ।

চকিতে মিলায় ছায়াপ্রায়, শুধু রেখে যায়  
ব্যাকুল বাসনা কুসুমকাননে ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Mishra-Bhairavi  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail